দ্বিতীয় টেস্টে বাংলাদেশ দলে ৩ পরিবর্তন

ফিট না থাকায় চট্টগ্রাম টেস্টে খেলেননি সাকিব আল হাসান। ওই টেস্টে বাংলাদেশ ইনিংসের প্রথম ঘণ্টাতেই হারের বীজ বোনা হয়ে যায় দ্বিতীয় টেস্টে ফিরলেন সাকিব। গতিক শিবিরে কিছুটা আশার প্রদীপ জ্বালাচ্ছেন সাকিব আল হাসান। এই অভিজ্ঞ অলরাউন্ডার দলে ফেরায় ভালো কিছুর স্বপ্ন দেখছেন মুমিনুল।

তবে মিরপুরেও প্রথম ঘণ্টাকে গুরুত্বপূর্ণ বললেন অধিনায়ক মুমিনুল হক। এই টেস্টে অভিষেক হয়েছে মাহমুদুল হাসান জয়ের। তিনি খেলবেন সাদমান ইসলামের উদ্বোধনী সঙ্গী হিসেবে।

দলে ফিরেছেন সৈয়দ খালেদ আহমেদ। সাকিব, খালেদ ও জয়কে জায়গা করে দিতে একাদশ থেকে বাইরে রাখা হয়েছে আগের ম্যাচ খেলা সাইফ হাসান, ইয়াসির আলি রাব্বি ও আবু জায়েদ রাহিকে।

বাংলাদেশ একাদশ

সাদমান ইসলাম, মাহমুদুল হাসান জয়, নাজমুল হোসেন শান্ত, মুমিনুল হক (অধিনায়ক), মুশফিকুর রহীম, সাকিব আল হাসান, লিটন দাস (উইকেটরক্ষক), মেহেদী হাসান মিরাজ, তাইজুল ইসলাম, সৈয়দ খালেদ আহমেদ, এবাদত হোসেন।

পাকিস্তান একাদশ

আবদুল্লাহ শফিক, আবিদ আলি, আজহার আলি, বাবর আজম (অধিনায়ক), ফাওয়াদ আলম, মোহাম্মদ রিজওয়ান (উইকেটরক্ষক), ফাহিম আশরাফ, নৌমান আলি, হাসান আলি, শাহিন শাহ আফ্রিদি, সাজিদ খান।

কোহলির ফেরার ম্যাচে ভারত দলে ৩ দুঃসংবাদ

নিউজিল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় টেস্ট দিয়ে ক্রিকেটে ফিরছেন বিরাট কোহলি। টি-টোয়েন্টি বিশ্বকাপে তার নেতৃত্বে ভারত দলের ভরাডুবির পর বিশ্রাম গিয়েছিলেন এতোদিন।

তবে কোহলির এই ফেরার দিনে তিন তিনটি দুঃসংবাদ ভেসে এলো ভারত শিবিরে। চোটের কারণে ওয়াংখেড়ে টেস্ট থেকে ছিটকে গেলেন অজিঙ্কা রাহানে, অলরাউন্ডার রবীন্দ্র জাদেজা ও পেসার ইশান্ত শর্মা। শুক্রবার ম্যাচ শুরুর আগে ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) পক্ষ থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

কোহলির অবর্তমানে কানপুরে প্রথম টেস্টে অজিঙ্কা রাহানেই ভারত দলের অধিনায়কত্ব করেছেন। আর তিনিই নেই দ্বিতীয় টেস্টে।

এ বিষয়ে বিসিসিআইয়ের বিবৃতিতে জানানো হয়েছে, কানপুর টেস্টের শেষ দিন ফিল্ডিং করার সময় বাঁ পায়ের হ্যামস্ট্রিংয়ে সামান্য চোট পান রাহানে। এখনও তিনি পুরোপুরি সুস্থ হয়ে উঠতে পারেননি। বোর্ডের মেডিকেল টিম তাকে বিশ্রাম দিয়েছে এই টেস্টে। ফিজিওদের পর্যবেক্ষণে থাকবেন এই ব্যাটার।

এদিকে কানপুর টেস্টেই শেষ দিন বল করার সময় ডান হাতে ইশান্ত চোট পান বলে জানিয়েছে বোর্ড।
তাই দ্বিতীয় টেস্টে তাকে বিশ্রামে পাঠানো হয়েছে। অন্যদিকে ডান হাতে চোট পেয়েছেন জাদেজা। তার হাত ফুলে রয়েছে। তার স্ক্যান রিপোর্টও ভালো নয়। তাই তাকেও প্রথম একাদশ থেকে বাদ দিয়ে পর্যবেক্ষণে রেখেছে বোর্ডের মেডিকেল টিম।

রাহানের জায়গায় খেলবেন কোহলির খেলা নিশ্চিত আর ইশানের বদলি হিসেবে পেসার মোহাম্মদ সিরাজও অনেকটা নিশ্চিত। তবে রবীন্দ্র জাদেজার বিকল্প নিয়ে ভাবনায় পড়েছে সৌরভ গাঙ্গুলির বোর্ড।

জয়ন্ত যাদব কিংবা প্রসিধ কৃষ্ণকে খেলানো হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

মিরপুর টেস্টে নেই টিম ডিরেক্টর

একদিকে প্রধান কোচের সঙ্গে চুক্তির মেয়াদ বাড়াল বিসিবি, অন্যদিকে টিম ডিরেক্টর হিসেবে জাতীয় দলে নিয়োগ দেওয়া হলো বিসিবিরই পরিচালক খালেদ মাহমুদকে।

দলের সঙ্গে বোর্ডের সেতুবন্ধ তৈরি করার পাশাপাশি দলের সবকিছু দেখভালও করবেন—টিম ডিরেক্টর হিসেবে এটাই ছিল মাহমুদের দায়িত্ব।

কিন্তু জৈব সুরক্ষাবলয়ে থেকে টি–টোয়েন্টি সিরিজের পর একটি টেস্টে দায়িত্ব পালন করেই যেন হাঁপিয়ে উঠেছেন জাতীয় দলের সাবেক এই অধিনায়ক! মিরপুর টেস্টে দলের সঙ্গে থাকবেন না তিনি। মাহমুদ এরই মধ্যে দলের জৈব সুরক্ষাবলয়ও ছেড়ে গেছেন।

বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান আকরাম খান মিরপুর টেস্টে মাহমুদের দলের সঙ্গে না থাকার বিষয়টি নিশ্চিত করে বলেছেন, ‘পারিবারিক কারণে ও (খালেদ মাহমুদ) মিরপুর টেস্টে থাকবে না।

যেহেতু ঘরের মাঠে খেলা, খুব একটা সমস্যা হওয়ার কথা নয়। আর নিউজিল্যান্ডে গিয়ে তো তাকে অনেক দিন (জৈব সুরক্ষাবলয়ে) থাকতে হবে।’

টি–টোয়েন্টি বিশ্বকাপের পর পাকিস্তানের বিপক্ষে হোম সিরিজের আগে টিম ডিরেক্টরের দায়িত্ব নেন মাহমুদ। তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের পর চট্টগ্রামে প্রথম টেস্টেও দলের সঙ্গে ছিলেন তিনি।

মাহমুদ দলের সঙ্গে সম্পৃক্ত হওয়ার পর প্রধান কোচ রাসেল ডমিঙ্গোর দায়িত্ব যে সংকুচিত হয়ে এসেছে, সেটা মোটামুটি দৃশ্যমানই। দায়িত্ব পেয়ে বেশ কয়েকজন ক্রিকেটারকে পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে আলাদা করে ডেকেছিলেন খালেদ মাহমুদ।

নতুন চেহারার দলে ছাপ ছিল সেটির। শেষ পর্যন্ত অবশ্য পাকিস্তানের কাছে বাংলাদেশকে ধবলধোলাই-ই হতে হয়েছে। চট্টগ্রাম টেস্টেও

বাংলাদেশ হেরেছে বড় ব্যবধানেই। পাকিস্তানের বিপক্ষে সিরিজের পর এ মাসেই বাংলাদেশ যাবে নিউজিল্যান্ড সফরে।

কলকাতা রাখল না সাকিবকে, মোস্তাফিজকে ছেড়ে দিল রাজস্থান

লখনউ ও আহমেদাবাদভিত্তিক নতুন দুই দল যুক্ত হওয়ায় প্রায় দুই মাস স্থায়ী হবে এবারের ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। ১৫তম আসরকে সামনে রেখে চূড়ান্ত হয়েছে প্রত্যেক ফ্র্যাঞ্চাইজির রিটেনশন তালিকা। সেখানে প্রকাশ হয়েছে, আইপিএল নিলামের আগে কে কোন দলে থেকে গেলেন।

কলকাতা নাইট রাইডার্স ছেড়ে দিয়েছে বিশ্বের সেরা অলরাউন্ডার সাকিব আল হাসানকে। অন্যদিকে কাটার মাস্টার মোস্তাফিজকেও ছেড়ে দিয়েছে রাজস্থান রয়্যালস।
কলকাতা অবশ্য শুধু সাকিবকে ছেড়ে দিয়েছে বললে ভুল হবে। তারা রাখেনি ইয়ন মরগান ও ভারতীয় ব্যাটার শুবমান গিলকেও।

যদিও নাইট কর্তৃপক্ষ রেখে দিল ক্যারিবীয় অলরাউন্ডার আন্দ্রে রাসেল (১২ কোটি), বরুণ চক্রবর্তী, (৮ কোটি), ভেঙ্কটেশ আইয়ার (৮ কোটি) এবং সুনীল নারাইনকে (৮ কোটি)। নিলামে তাদের হাতেও থাকছে ৪৮ কোটি রুপি।

ডেভিড ওয়ার্নার, রশিদ খান ও ভুবনেশ্বর কুমারকে বাদ দেওয়া সানরাইজার্স হায়দরাবাদের হাতে নিলামে থাকবে ৬৮ কোটি রুপি।

মোস্তাফিজকে বাদ দেওয়া রাজস্থান রয়্যালস রাখল সঞ্জু স্যামসন (১৪ কোটি রুপি), জস বাটলার (১০ কোটি রুপি), যশস্বী জয়সওয়ালকে (৪ কোটি রুপি)। নিলামে তাদের হাতে থাকবে ৬২ কোটি রুপি।

এ ছাড়া দিল্লির হাতে থাকছে ৪৮ কোটি রুপি, চেন্নাইয়ের হাতে থাকছে ৪৮ কোটি রুপি, পাঞ্জাবের হাতে থাকবে ৭২ কোটি রুপি, মুম্বাই

ইন্ডিয়ানসের হাতে থাকবে ৪৮ কোটি রুপি ও রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর হাতে থাকবে ৫৭ কোটি রুপি।

এ কেমন বোকামো মুশফিকের

চট্টগ্রাম টেস্টের তৃতীয় দিনটি পুরোপুরি বাংলাদেশের হয়নি। যে কারণে বোদ্ধাদের মতে ৪র্থ দিনে দুদলই সমানে-সমান।

গতকাল পাকিস্তানকে ২৮৬ রানে গুটিয়ে দিয়ে ৪৪ রানের লিড নেওয়ার স্বস্তি ভেস্তে গেছে টপ অর্ডারের ব্যাটিং ব্যর্থতায়। বাংলাদেশ চার উইকেটে ৩৯ রানে দিন শেষ করে।,

আর ৪র্থ দিনের শুরুতেই বাংলাদেশ শিবিরে বড় ধাক্কা দিলেন হাসান আলি।

প্রথম বলে চার মেরে দারুণ শুরু করেছিলেন মুশফিকুর রহিম। তবে তিনি ফিরে গেলেন এক বল পরেই।

হাসান আলির বল ছিল অফ স্টাম্পের বাইরে। বলে চোখ রেখে শট না খেলে ছেড়ে দেন মুশফিকর। তার প্রত্যাশার চেয়ে বেশি সুইং করে ভেঙে দেয় অফ স্টাম্প।

অতো কাছের বল কেন ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন মুশফিক! সে প্রশ্ন রয়েই গেল। মুশফিকের সিদ্ধান্তটা যে আদৌ ভালো কিছু ছিল না, তা দেখা গেছে পরে রিপ্লেতেই। এ কেমন বোকামো মুশফিকের!

৩৩ বলে দুই চারে ১৬ রান করেন মুশফিক। ৪৩ রানে ৫ উইকেট হারাল বাংলাদেশ।

ক্রিজে ইয়াসির আলি চৌধুরির সঙ্গী প্রথম ইনিংসের সেঞ্চুরিয়ান লিটন দাস।

ওয়ানডে বিশ্বকাপে দেশের মেয়েরা

বাঁধভাঙা আনন্দের ফোয়ারা হোটেলের সুইমিংপুলে। উৎসবে মাতোয়ারা সবাই। এর আগে ঋতু মনি দুপুরের খাবার ফেলেই চলে এসেছেন হারারের হোটেল লবিতে। পেসার জাহানারা আলমের ফেসবুকে আপলোড করা সেই মুহূর্তের ভিডিওতে দেখা গেছে ‘ওয়ার্ল্ড কাপ, ওয়ার্ল্ড কাপ, ওয়ার্ল্ড কাপ’ বলে নাচছেন ফাহিমা খাতুন। ঋতুও তাল মেলালেন কিছুক্ষণ। এরপর একসঙ্গে গলা মেলালেন আরো কয়েকজন ক্রিকেটার। দলের অভিজ্ঞতম খেলোয়াড় সালমা খাতুনের চোখ বেয়ে তখন ঝরছে আনন্দাশ্রু। বারবার বাছাই পর্ব থেকে তাঁর বাদ পড়ার যন্ত্রণা ভেসে গেল তাতে। প্রথমবার মেয়েদের ওয়ানডে বিশ্বকাপ খেলা নিশ্চিত হওয়ার মুহূর্তটা এভাবেই উদযাপনের পর দ্বিতীয় ধাপে টিম হোলের সুইমিংপুলে একসঙ্গে ঝাঁপিয়ে পড়েছেন বাংলাদেশ দলের খেলোয়াড়রা।
মেয়েদের ক্রিকেটে এশিয়া কাপ জিতেছে বাংলাদেশ। টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলেছে চারবার। তবে ওয়ানডে বিশ্বকাপ ছিল দূরের বাতিঘর হয়ে। সেই দূরত্ব ঘুচে গেল গতকাল। দক্ষিণ আফ্রিকা ও এর আশপাশের দেশে করোনার নতুন ধরন ছড়িয়ে পড়ায় বিশ্বকাপ বাছাই পর্ব স্থগিত করে দিয়েছে আইসিসি। এই দুঃসংবাদটাই সুখবর হয়ে এসেছে বাংলাদেশের জন্য। বাছাই পর্ব স্থগিত হওয়ায় এই পর্বের র্যাংকিংয়ে শীর্ষ তিন দল পেয়ে যায় বিশ্বকাপের টিকিট। এতে র্যাংকিংয়ে ৫ নম্বরে থাকা বাংলাদেশ প্রথমবার পায় ওয়ানডে বিশ্বকাপে খেলার ছাড়পত্র। র্যাংকিংয়ের সিঁড়ি বেয়ে বাংলাদেশের সঙ্গী পাকিস্তান ও ওয়েস্ট ইন্ডিজ। আট দলের বিশ্বকাপে আগেই জায়গা নিশ্চিত করেছে স্বাগতিক নিউজিল্যান্ড, ভারত, অস্ট্রেলিয়া, ইংল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা।

গতকাল পূর্বনির্ধারিত সময়ে শুরু হয়েছিল বাছাই পর্বের দুটি ম্যাচ। তবে শ্রীলঙ্কার এক স্টাফ করোনায় আক্রান্ত হওয়ায় নেদারল্যান্ডসের সঙ্গে তাদের ম্যাচটি স্থগিত করা হয়। এরপর আসতে থাকে একের পর এক দেশের দক্ষিণ আফ্রিকার দক্ষিণাঞ্চলের দেশগুলোর সঙ্গে বিমান যোগাযোগ বন্ধ করার খবর। আইসিসি আর দেরি না করে স্থগিত করে দেয় জিম্বাবুয়েতে চলমান বাছাই পর্ব। আইসিসির হেড অব ইভেন্টস ক্রিস টেটলি জানিয়েছেন, ‘বাছাই পর্ব বাতিল করতে হওয়ায় আমরা ভীষণ হতাশ। কিন্তু আফ্রিকার কিছু দেশের ওপর হঠাৎ করে ভ্রমণ নিষেধাজ্ঞা দিয়েছে অনেক দেশ। তাতে দলগুলোর দেশে ফেরা নিয়ে শঙ্কা দেখা দিয়েছে। বিকল্প কিছু করা যায় কি না, এ নিয়েও ভেবেছি আমরা। সেগুলো বাস্তবসম্মত মনে হয়নি। এখন যত দ্রুত সম্ভব দলগুলোকে জিম্বাবুয়ের বাইরে নেওয়ার চেষ্টা করব।

করোনা প্রলয়ংকরী রূপ না নিলে নিউজিল্যান্ডে বিশ্বকাপ মাঠে গড়াবে ২০২২ সালের ৪ মার্চ আর ফাইনাল ৩ এপ্রিল। প্রথমবার বিশ্বকাপে জায়গা পাওয়ার অবদানটা দলের সবাইকে ভাগাভাগি করে দিলেন অধিনায়ক নিগার সুলতানা, ‘আমার মনে হয় বিশ্বকাপ নিশ্চিতের পেছনে সবার অবদান ছিল। আমাদের টিম বয় থেকে শুরু করে বিসিবির অফিশিয়াল যাঁরা ছিলেন এবং আমাদের খেলোয়াড়রা গত ছয় মাসে খুব কষ্ট করেছি। এরই ফল পেয়েছি। আমি আশা করি আমাদের যে ধারাবাহিকতটা, এটা যেন মূল বিশ্বকাপে কাজে লাগাতে পারি।’ খুশি প্রধান কোচ এ কে এম মাহমুদ ইমনও, ‘আমার কোচিং ক্যারিয়ারের সেরা দিন আজ। বাংলাদেশের মেয়েদের ক্রিকেটের জন্যও এটা গুরুত্বপূর্ণ দিন। আমাদের কোচিং স্টাফ, খেলোয়াড়সহ সবার সততার সঙ্গে একটি আন্তরিক চেষ্টা ছিল, যেন আমরা বাছাই পর্ব পেরিয়ে বিশ্বকাপ খেলতে পারি। আমরা যেন বাংলাদেশ ক্রিকেট দলকে বিশ্বদরবারে অনন্য উচ্চতায় তুলে ধরতে পারি সেই প্রচেষ্টা ছিল। আল্লাহর অশেষ রহমতে আমরা এটা অর্জন করতে পেরেছি। এ জন্য দেশবাসীসহ সবার কাছে কৃতজ্ঞ।

দলের পেসার ও সাবেক অধিনায়ক জাহানারা আলমের চোখ এখন নিউজিল্যান্ড বিশ্বকাপে। মূল মঞ্চে ভালো খেলার প্রতিশ্রুতিই দিলেন তিনি, ‘আলহামদুলিল্লাহ। আমরা যে ধারাবাহিকতায় খেলে এসেছি, ম্যাচ জিতেছি। এ জন্য আমরা র্যাংকিংয়ে এগিয়ে আসতে পেরেছি। শ্রীলঙ্কাকে টপকে আমরা বিশ্বকাপ নিশ্চিত করেছি। এটা কারো দয়া নয়, আমাদের অর্জন। বিশ্বাস রাখি আমরা ইনশাল্লাহ বিশ্বকাপেও ভালো খেলব।

এবারের বাছাই পর্বে পাকিস্তান ও যুক্তরাষ্ট্রকে হারিয়েছিল বাংলাদেশ। থাইল্যান্ডের কাছে বৃষ্টি আইনে হারলেও সুপার সিক্সের অভিযানে ছিল ভালোভাবে। তবে বাছাই পর্বই বাতিল হওয়ায় মিলে গেল অঙ্কটা। স্বপ্নের ঠিকানায় পৌঁছে গেলেন নিগার, জাহানারা, সালমারা।

দিনের শুরুতেই ফিরলেন লিটন

পাকিস্তানের বিপক্ষে দুই ম্যাচ টেস্ট সিরিজের প্রথমটির দ্বিতীয় দিনে ব্যাটিংয়ে নেমেছে বাংলাদেশ। তবে দিনের শুরুতেই উইকেট হারায় স্বাগতিকরা। সেঞ্চুরি হাঁকানো লিটন দাশ দ্বিতীয় ওভারেই ফিরে যান।

হাসান আলীর বলে এলবির আবেদন উঠলে আম্পায়ার সম্মতি দেননি। তবে রিভিউ করে ঠিকই লিটনের বিদায় নিশ্চিত করে পাকিস্তান। পঞ্চম উইকেট জুটিতে লিটন ও মুশফিক ৪২৫ বলে ২০৬ রান তোলেন।

এ প্রতিবেদন লেখা পর্যন্ত নিজেদের প্রথম ইনিংসে ৮৭ ওভার শেষে ৫ উইকেট হারিয়ে ২৫৫ রান করেছে বাংলাদেশ

এর আগে লিটন ও মুশফিকুর রহিমের দুর্দান্ত জুটিতে ভর করে প্রথম দিন শেষে ৪ উইকেট হারিয়ে ২৫৩ রানের সংগ্রহ পায় বাংলাদেশ। আলোক স্বল্পতায় ৮৫ ওভারেই প্রথম দিনের খেলা শেষ হলে অপরাজিত থেকে মাঠ ছাড়েন মুশফিক ও লিটন। ২২৫ বলে ১১৩ রান নিয়ে অপরাজিত থাকেন লিটন এবং মুশফিক ৮২।

টস জিতে ব্যাটিংয়ে বাংলাদেশ

চট্টগ্রাম টেস্টে টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। শুক্রবার সকালে টস জিতে বাংলাদেশ দলের অধিনায়ক মুমিনুল হক পাকিস্তানকে ফিল্ডিংয়ের আমন্ত্রণ জানান।তামিম, সাকিব, মাহমুদউল্লাহ, তাসকিনের মতো নির্ভরযোগ্য চার খেলোয়াড় দলে নেই। সিনিয়রদের অনুপস্থিতিতে তারুণ্যনির্ভর একটি দটস জিতে ব্যাটিংয়ে বাংলাদেশ
সিনিয়রদের অনুপস্থিতিতে তারুণ্যনির্ভর একটি দল নিয়ে পাকিস্তানের বিপক্ষে আজ শুক্রবার চট্টগ্রাম জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে প্রথম টেস্ট খেলতে নামছে বাংলাদেশ। এই সিরিজকে চ্যালেঞ্জ হিসাবেই মানছেন টাইগার অধিনায়ক মুমিনুল হক।টি ২০ বিশ্বকাপে ভরাডুবি ও এরপর ঘরের মাঠে পাকিস্তানের সঙ্গে সিরিজ হারের হতাশা কাটিয়ে

চট্টগ্রাম টেস্ট জিতে আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে চান মুমিনুলরা। পাকিস্তানের বিপক্ষে জিততে হলে ভালো বোলিং এবং সেই সঙ্গে ভালো ব্যাটিং করতে হবে বলে জানালেন টাইগার অধিনায়ক।চট্টগ্রামের মাঠ ব্যাটিং সহায়ক হতে পারে। তাই ব্যাটিং দিয়েই মূলত পাকিস্তানিদের ঘায়েল করতে চান তিনি। বোলারদের ওপরও রয়েছে আত্মবিশ্বাস। বৃহস্পতিবার ম্যাচ-পূর্ব ভার্চুয়াল প্রেস ব্রিফিংয়ে এমনটাই জানালেন বাংলাদেশ টেস্ট দলের অধিনায়ক মুমিনুল হক।
ল নিয়ে পাকিস্তানের বিপক্ষে আজ শুক্রবার চট্টগ্রাম জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে প্রথম টেস্ট খেলতে নামছে বাংলাদেশ। এই সিরিজকে চ্যালেঞ্জ হিসাবেই মানছেন টাইগার অধিনায়ক মুমিনুল হক।টি ২০ বিশ্বকাপে ভরাডুবি ও এরপর ঘরের মাঠে পাকিস্তানের সঙ্গে সিরিজ হারের হতাশা কাটিয়ে চট্টগ্রাম টেস্ট জিতে আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে চান মুমিনুলরা। পাকিস্তানের বিপক্ষে জিততে হলে ভালো বোলিং এবং সেই সঙ্গে ভালো ব্যাটিং করতে হবে বলে জানালেন টাইগার অধিনায়ক।চট্টগ্রামের মাঠ ব্যাটিং সহায়ক হতে পারে। তাই ব্যাটিং দিয়েই মূলত পাকিস্তানিদের ঘায়েল করতে চান তিনি। বোলারদের ওপরও রয়েছে আত্মবিশ্বাস। বৃহস্পতিবার ম্যাচ-পূর্ব ভার্চুয়াল প্রেস ব্রিফিংয়ে এমনটাই জানালেন বাংলাদেশ টেস্ট দলের অধিনায়ক মুমিনুল হক।

পাপনের কারণে টি-টোয়েন্টি সিরিজ জিতেও ট্রফি পায়নি পাকিস্তান

সদ্য সমাপ্ত টি-টোয়েন্টি সিরিজের তিনটি ম্যাচেই বাংলাদেশকে হারিয়েছে পাকিস্তান। বাবর আজমদের কাছে ৩-০ ব্যবধানে হোয়াইটওয়াশ হয়েছে মাহমুদুল্লাহ বাহিনী। প্রথম ম্যাচে ৪ উইকেট, দ্বিতীয়টিতে ৮ উইকেট এবং তৃতীয়টিতে ৫ উইকেটে জয় পায় পাকিস্তান দল।

কিন্তু ২২ নভেম্বর অনুষ্ঠিত সিরিজের শেষ ম্যাচেও বাবর আজমদের হাতে ট্রফি তুলে দেয়নি টুর্নামেন্টের আয়োজকরা।

সোমবার ট্রফি হাতে না পেয়ে খানিকটা অবাক হন বাবর-রিজওয়ানসহ পাক দলের মাঠের তারকারা। ট্রফি ছাড়াই একত্রিত হয়ে সেলফি তোলেন শাহিন শাহ আফ্রিদিরা।

কেন সেদিন পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পাকিস্তানের ক্রিকেটারদের হাতে ট্রফি তুলে দেওয়া হয়নি তার কারণ জানিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। কবে দেওয়া হবে সেটিও জানানো হয়েছে।

সিরিজ শেষ হওয়ার পরে বিসিবির পক্ষ থেকে হয়, বোর্ড সভাপতি নাজমুল হাসান পাপন না থাকার কারণেই পাক দলের হাতে ট্রফি হস্তান্তর করা যায়নি।

বিসিবির এক মুখপাত্র জানান, জয়ী দলকে ট্রফি তুলে দেওয়ার কথা ছিল বোর্ডের কর্মকর্তাদের। অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছিল বিনিয়োগকারীদেরও। কিন্তু বিসিবি সভাপতিসহ অন্যান্য কর্মকর্তারা এবং বিনিয়োগকারী সংস্থার মালিকরা ওই সময় জৈব সুরক্ষা বলয়ে ছিলেন না। করোনা বিধি পালনে যথেষ্ঠ সতর্ক বাংলাদেশ ক্রিকেট বোর্ড। তাই ক্রিকেটারদের কাছে তাদের ঘেঁষতে দেওয়া হয়নি। ফলে বাবর আজমদের হাতে ট্রফিও তুলে দেওয়া হয়নি।

বিসিবি জানিয়েছে, দু’দলের মধ্যে টেস্ট সিরিজ শেষ হয়ে যাওয়ার পরে বাবর আজমদের হাতে তুলে দেওয়া হবে টি-টোয়ে সিরিজ জয়ের ট্রফি। অর্থাৎ দুই ট্রফি একই সময়ে দেওয়া হবে বিজয়ী দলকে।

সে হিসেবে টি-টোয়েন্টি ট্রফি নেওয়ার জন্য পাকিস্তান দলকে অপেক্ষা করতে হবে ডিসেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত।

২৬ নভেম্বর চট্টগ্রামে প্রথম টেস্ট অনুষ্ঠিত হওয়ার পর ঢাকায় মিরপুরে ৪ ডিসেম্বর থেকে শুরু হবে দ্বিতীয় টেস্ট।

সূত্র-যুগান্তর

মাহমুদউল্লাহকে প্রশংসায় ভাসালেন সাকলাইন মুশতাক

বিশ্বকাপে ভরাডুবির পর পাকিস্তানের বিপক্ষে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজেও ধবলধোলাই হয়েছেন মাহমুদউল্লাহরা। তবে তৃতীয় ও শেষ ম্যাচে স্বল্প পুঁজি নিয়েও লড়াই করে হেরেছে টাইগাররা।

খেলাকে শেষ ওভার পর্যন্ত নিয়ে গেছেন বাংলাদেশের বোলাররা। তবে অনিয়মিত বোলার মাহমুদউল্লাহ ছিলেন অসাধারণ।

কুড়িতম ওভারে নিজেই বল হাতে নিয়ে কারিশমা দেখান তিনি। প্রথম তিন বলে পর পর ২ উইকেট নিয়ে ম্যাচের মোড়ই ঘুরিয়ে দেন। শেষ বলটিতেও স্টাম্প ভেঙে দেন। যদিও সেই আউটটি হয়নি। কারণ ব্যাটার নওয়াজ প্রস্তুত নন বলে জানালে বলটি ডেড বলে সিগনাল দেন আম্পায়ার।

মাহমুদউল্লাহ চাইলে আবেদন করতেই পারতেন। কিন্তু তিনি সেটি না করে ফের বল করেন। তাতে চার মেরে তৃতীয় ম্যাচটিও জিতে নেয় পাকিস্তান।

এভাবে পরিস্থিতি বেশ ভালোভাবে সামাল দেওয়ার কারণে মাহমুদউল্লাহর প্রশংসা করলেন পাকিস্তানের হেড কোচ সাকলাইন মুশতাক।

ম্যাচ পরবর্তী সংবাদ সম্মেলনে তিনি বলেন, ‘ম্যাচটি শেষ পর্যন্ত গড়িয়েছে। আমাদের ছেলেরা তাদের স্নায়ুচাপ ধরে রাখতে সক্ষম হয়েছে। আমি বাংলাদেশকে কৃতিত্ব দিতে চাই। বিশেষ করে মাহমুদউল্লাহকে, শেষ ওভারে ও যেভাবে বোলিং করেছে এবং পরিস্থিতি সামাল দিয়েছে।’

প্রথম দুই ম্যাচ জিতে সিরিজ নিশ্চিত করে ফেলায় তৃতীয় ম্যাচে কিছু পরীক্ষা-নিরীক্ষা করেছে পাকিস্তান দল। শেষ ম্যাচে একাদশে একাধিক পরিবর্তন আনে পাকিস্তান টিম ম্যানেজমেন্ট। বেশ কয়েকজন পরীক্ষিত পারফর্মারকে বিশ্রাম দিয়ে একাদশে রাখা হয়েছিল সুযোগ না পাওয়া খেলোয়াড়দের।

এ বিষয়ে পাকিস্তানের হেড কোচ বলেন, ‘দলে এই ধরণের গভীরতা থাকা পাকিস্তানের জন্য একটি দুর্দান্ত জিনিস, বেঞ্চের ছেলেরা কঠোর পরিশ্রম করছে এবং দলে জায়গা পেতে একে অপরকে চাপ দিচ্ছে, আপনি এর চেয়ে বেশি কিছু চাইতে পারবেন না।’